এনসিপির কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক হলেন তারেক রেজা

চব্বিশের গণ-অভ্যুত্থানের চেতনাকে ধারণ করে দেশের রাজনৈতিক সংস্কার ও পুনর্গঠনে কাজ করা জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) কেন্দ্রীয় সাংগঠনিক কাঠামোয় গুরুত্বপূর্ণ দায়িত্ব পেয়েছেন ঝিনাইদহের ছেলে তারেক রেজা।

তাঁকে দলের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক (ডায়াস্পোরা-মধ্যপ্রাচ্য ও আফ্রিকা অঞ্চল) পদে মনোনীত করা হয়েছে।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ঝিনাইদহ জেলা শাখার যুগ্ম সদস্যসচিব ও দপ্তর সম্পাদক মো. হামিদ পারভেজ মিয়া এক সাংগঠনিক বিবৃতিতে এ তথ্য জানান।

তারেক রেজা এর আগে জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় যুগ্ম সদস্যসচিব এবং ধর্ম ও সম্প্রীতি সেলের সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন। পাশাপাশি তিনি ঝিনাইদহ জেলা শাখার আহ্বায়কের দায়িত্বেও ছিলেন তিনি।

দলীয় সূত্রে জানা গেছে, মধ্যপ্রাচ্য ও আফ্রিকায় বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে সাংগঠনিক যোগাযোগ জোরদার করা এবং তাঁদের দলের কার্যক্রম ও দেশের পুনর্গঠন প্রক্রিয়ায় সস্পৃক্ত করার লক্ষ্যে তাঁকে এ দায়িত্ব দেওয়া হয়েছে। নতুন আন্তর্জাতিক সাংগঠনিক দায়িত্ব পালনে মনোযোগ দেওয়ার জন্য তারেক রেজা ঝিনাইদহ জেলা আহ্বায়কের পদ থেকে পদত্যাগ করেছেন বলে জানা গেছে।

তারেক রেজার নতুন দায়িত্বপ্রাপ্তিতে অভিনন্দন জানিয়ে ঝিনাইদহ জেলা এনসিপির যুগ্ম সদস্যসচিব ও দপ্তর সম্পাদক মো. হামিদ পারভেজ মিয়া বলেন, “তারেক রেজাকে কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক (ডায়াস্পোরা-মধ্যপ্রাচ্য ও আফ্রিকা অঞ্চল) পদে মনোনীত করায় ঝিনাইদহ জেলা এনসিপি আনন্দিত ও গর্বিত। তাঁর নতুন দায়িত্বে সাফল্য কামনা করছি।”

তিনি আরও বলেন, “জেলা আহ্বায়কের দায়িত্ব থেকে সরে দাঁড়ালেও ঝিনাইদহে এনসিপির সাংগঠনিক কার্যক্রমের সঙ্গে তাঁর সম্পৃক্ততা ও সহযোগিতা অব্যাহত থাকবে বলে আমরা আশা করি। তাঁর নতুন দায়িত্ব

কেন্দ্রীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দলের সাংগঠনিক যোগাযোগ সম্প্রসারণে ভূমিকা রাখবে।”

নতুন দায়িত্ব প্রসঙ্গে তারেক রেজা বলেন,“ঝিনাইদহের স্থানীয় দায়িত্ব থেকে সরে দাঁড়ানো দলের সঙ্গে দুরত্ব তৈরি করার বিষয় নয়; বরং কেন্দ্রীয় ও ডায়াস্পোরা কার্যক্রমকে আন্তর্জাতিক পরিমন্ডলে আরও শক্তিশালী করার একটি দায়িত্বপূর্ণ পদক্ষেপ। মধ্যপ্রাচ্য ও আফ্রিকায় বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে সাংগঠনিক সম্পর্ক জোরদার, তাঁদের অধিকার ও স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো তুলে ধরা এবং দেশের রাজনৈতিক ও সামাজিক পুনর্গঠন প্রক্রিয়ায় তাঁদের সস্পৃক্ত করতে কাজ করতে চাই। দলের অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে আমি সচেষ্ট থাকব।”

জাতীয় নাগরিক পার্টি আশা প্রকাশ করেছে, তারেক রেজার নতুন দায়িত্বের মাধ্যমে প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে দলের সাংগঠনিক যোগাযোগ আরও সুদৃঢ় হবে। একই সঙ্গে দেশ ও প্রবাসের মধ্যে সমন্বয় বাড়িয়ে বৈষম্যহীন বাংলাদেশ গঠনের প্রচেষ্টায় দলের কার্যক্রম আরও বিস্তৃত হবে বলে দলীয় নেতাকর্মীরা প্রত্যাশা করছেন।

যুবদলের কেন্দ্রীয় পূর্ণাঙ্গ কমিটি ঘোষণায় মেহেরপুরে আনন্দ মিছিল

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের কেন্দ্রীয় পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করায় দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে অভিনন্দন জানিয়ে মেহেরপুর জেলা যুবদলের উদ্যোগে আনন্দ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদের নেতৃত্বে মিছিলটি জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে শুরু হয়। বৃষ্টি উপেক্ষা করে মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কাথুলি বাসস্ট্যান্ড এলাকায় গিয়ে শেষ হয়।

পরে সেখানে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

এ সময় বক্তব্য রাখেন জেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস।

মিছিলে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা যুবদলের সভাপতি হাসানুজ্জামান, মহাজনপুর ইউনিয়ন পরিষদের সদস্য রোকনুজ্জামান, মেহেদী হাসান রোকন, পৌর যুবদলের সভাপতি সামিউল ইসলাম লিজন, সদস্য সচিব নওফেল আহমেদ রনি এবং যুবদলের বিভিন্ন পর্যায়ের নেতা- কর্মীরা।

বক্তারা নবগঠিত কেন্দ্রীয় পূর্ণাঙ্গ কমিটিকে স্বাগত জানিয়ে দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে সংগঠনকে আরও শক্তিশালী করার প্রত্যয় ব্যক্ত করেন।

কেন্দ্রীয় কারাগারে অসুস্থ হাজতির মৃত্যু

ঢাকা কেন্দ্রীয় কারাগারের অসুস্থ হয়ে এক হাজতির মৃত্যু হয়েছে। মঙ্গলবার (১৯ আগস্ট) বেলা ১১টার দিকে অচেতন অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে আনা হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

মারা যাওয়া হাজতির নাম পরিতোষ চন্দ্র (৫০)। তার বাবার নাম যগেন্দ্র চন্দ্র সূত্রধর। তবে তিনি কোন মামলায় কারাগারে ছিলেন সে তথ্য এখনো জানা যায়নি।

হাজতি পরিতোষকে হাসপাতালে নিয়ে আসা কারারক্ষী তোফায়েল বলেন, ‘মঙ্গলবার সকালের দিকে কেরানীগঞ্জের কেন্দ্রীয় কারাগারে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন তিনি। পরে কারা কর্তৃপক্ষের নির্দেশে কয়েকজন কারারক্ষী মিলে তাকে ঢামেক হাসপাতালে নিয়ে আসি। জরুরি বিভাগের

ডাক্তার পরিতোষকে মৃত ঘোষণা করেন।’

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পুলিশ ক্যাম্পের ইনচার্জ পরিদর্শক মো. ফারুক জানান, চিকিৎসকের বরাত দিয়ে তিনি হাজতি পরিতোষের মৃত্যুর খবর নিশ্চিত করেছেন।

তিনি আরও জানান, লাশ ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে রাখা হয়েছে। একজন নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে লাশের সুরতহাল প্রতিবেদন তৈরি করা হবে। ময়নাতদন্ত শেষে কারা আনুষ্ঠানিকতা সম্পন্ন করে লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

ঝিনাইদহে কেন্দ্রীয় সমবায় ব্যাংক’র সাধারণ সভা

কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেড ঝিনাইদহ-এর ৫৪ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৬ ফেব্রুয়ারি) সকালে ঝিনাইদহ শহরের সমবায় ব্যাংক চত্বরের বার্ষিক সাধারণ সভা ঝিনাইদহ জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মোঃ জাহিদুজ্জামান মনা’র সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা বিএনপি’র সহ-সভাপতি ও ঝিনাইদহ জেলা দোকান মালিক সমিতির সভাপতি মোঃ আনোয়ারুল ইসলাম বাদশা, কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ ঝিনাইদহের নির্বাহী কর্মকর্তা মোঃ ফারুক মিয়া, কোটচাঁদপুর উপজেলা সমবায় অফিসার মজিবর রহমান, শৈলকুপা উপজেলা সমবায় অফিসার মজিবর রহমান, কালীগঞ্জ উপজেলা সমবায় অফিসার শ.ম. রাশেদুল আলম, সদর উপজেলা সমবায় অফিসার শামিমা নাছরিন, কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ ঝিনাইদহের সহ-সভাপতি আঃ গফুর, সদস্য আজিজুর রহমান তিতু, ব্যাংক সদস্য সৈয়দ শফিউল ইসলাম, সমবায় ব্যাংকের এসিস্ট্যান্ট অফিসার মো জাহিদুর রহমান জিহাদ সহ অন্যান্যরা।

পরে উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে ৯ সদস্য বিশিষ্ট কমিটিতে মোঃ জাহিদুজ্জামান মনা সভাপতি ও মোঃ আনোয়ারুল ইসলাম বাদশাকে